

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-০২

স্মারক নং-৪৯.০০.০০০.১০২.১৮.০৬৫.১৬. ১৫৬

তারিখ: ১৪/৬/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়: সার্ভিস চার্জ ও অভিবাসন ব্যয় নির্ধারণ।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হতে পুরুষ কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সীসমূহ সার্ভিস চার্জসহ বিমান ভাড়া, পাসপোর্ট, স্বাস্থ্য পরীক্ষা, ভিসা ফি ও অন্যান্য খরচ কর্মীর পক্ষে সংশ্লিষ্ট খাতে ব্যয় করার নিমিত্ত অর্থাৎ অভিবাসন ব্যয় নিম্নবর্ণিত দেশসমূহের জন্য দেশের পাশে উল্লেখিত হারে নির্ধারণ করা হলো:

ক্র/নং	দেশের নাম	অভিবাসন ব্যয় বিবরণী (টাকায়)
১.	মালয়েশিয়া	নির্মাণ/কারখানা শ্রমিকের জন্য ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা কৃষি শ্রমিকের জন্য ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা
২.	লিবিয়া	১,৪৫,৭৮০/- (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত আশি) টাকা
৩.	বাহরাইন	৯৭,৭৮০/- (সাতানব্বই হাজার সাতশত আশি) টাকা
৪.	সংযুক্ত আরব আমিরাত	১,০৭,৭৮০/- (এক লক্ষ সাত হাজার সাতশত আশি) টাকা
৫.	কুয়েত	১,০৬,৭৮০/- (এক লক্ষ ছয় হাজার সাতশত আশি) টাকা
৬.	সালতানাত অব ওমান	১,০০,৭৮০/- (এক লক্ষ সাতশত আশি) টাকা
৭.	ইরাক	১,২৯,৫৪০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা
৮.	কাতার	১,০০,৭৮০/- (এক লক্ষ সাতশত আশি) টাকা
৯.	জর্ডান	১,০২,৭৮০/- (এক লক্ষ দুই হাজার সাতশত আশি) টাকা
১০.	মিশর	১,২০,০৮০/- (এক লক্ষ বিশ হাজার আশি) টাকা
১১.	রাশিয়া	১,৬৬,৬৪০/- (এক লক্ষ ছিষটি হাজার ছয়শত চল্লিশ) টাকা
১২.	মালদ্বীপ	১,১৫,৭৮০/- (এক লক্ষ পনের হাজার সাতশত আশি) টাকা
১৩.	ব্রুনাই দারুস সালাম	১,২০,৭৮০/- (এক লক্ষ বিশ হাজার সাতশত আশি) টাকা
১৪.	লেবানন	১,১৭,৭৮০/- (এক লক্ষ সতের হাজার সাতশত আশি) টাকা

২। তবে জি টু জি প্লাস প্রক্রিয়ায় মালয়েশিয়ায় কর্মী প্রেরণের লক্ষ্যে নির্মাণ/কারখানা শ্রমিকের জন্য ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) ও কৃষি শ্রমিকের জন্য ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা অভিবাসন ব্যয় হিসেবে নির্ধারণের বিষয়টি MoU এর অনুচ্ছেদ ৯ অনুযায়ী জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের পরবর্তী সভায় মালয়েশিয়ান কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

৩। কর্মীর নিকট থেকে সার্ভিস চার্জসহ সমস্ত অর্থই চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীর অফিসিয়াল ব্যাংক একাউন্টে গ্রহণ করতে হবে এবং চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণের সময় কর্মীকে প্রাপ্তি স্বীকার রশিদ প্রদান করতে হবে।

৪। বহির্গমন ছাড়পত্র গ্রহণের সময় উক্ত অর্থ গ্রহণের বিবরণ ও প্রয়োজনীয় ডকুমেন্ট জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে দাখিল করতে হবে।

৫। যুক্তিসংগত প্রয়োজনে কর্তৃপক্ষ ভবিষ্যতে এ আদেশ সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করবেন।

৬। নির্ধারিত অভিবাসন ব্যয়ের অতিরিক্ত অর্থ আদায় করা হলে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ অনুযায়ী তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর)

উপসচিব

ফোন-৯৩৫৭২৮৪

ই-মেইল: humayung@yahoo.com

মহাপরিচালক


জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৯.০০.০০০.১০২.১৮.০৬৫.১৬.১৫৩/২

তারিখ: ১৪/৬/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। রাষ্ট্রদূত/হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (সকল)  
.....
- ২। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড/ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (সকল)/মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর, মালয়েশিয়া (যথাযথ কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
- ৬। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন,-----
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সভাপতি/মহাসচিব বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা), ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা।  
(উল্লিখিত আদেশ সকল রিক্রুটিং এজেন্সিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৯। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

  
১৪/৬/১৭

(মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর)  
উপসচিব